



*Compiled and circulated by*

**Dr. Bhakti Pada Jana**  
**SACT (Grade II), Department of History, Narajole Raj College**

### মানবাধিকার বলতে কি বোঝায় ?

Human Rights বা মানবাধিকার এই প্রত্যয়টি বিশ্বের সুনির্দিষ্ট সমাজ-সভ্যতা ও সংস্কৃতির ইতিহাসে এক গুরুত্বপূর্ণ নির্দেশন। মানবাধিকার বিষয়ে সম্যক আলোচনা শুধুমাত্র আজকের আলোচনায় মূর্ত হয়ে উঠেনি। বলা যায় যে, ১২১৫ সালে প্রণীত ব্রিটেনের ম্যাগনাকাটা হল বৈশ্বিক প্রেক্ষাপটে মানবাধিকারের প্রথম সনদ। দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ পর্যায়ে যখন রাষ্ট্রসঙ্গ গঠিত হল তখন মানবাধিকার এক নতুন ও স্বতন্ত্র মাত্রা লাভ করতে থাকে। সময়ের সঙ্গে সঙ্গে মানবাধিকার আদর্শগত বাস্তবতা ও প্রকৃতি বিশেষ গুরুত্বপূর্ণ হয়ে ওঠে।

বর্তমান বিশ্বে ও ভারতবর্ষে মানবাধিকার ভীষনভাবে লঙ্ঘিত হচ্ছে। সাধারণ মানুষ অমানবিকতার শিকার হচ্ছে। মানবাধিকার অর্জনকে কেন্দ্র করে এক সর্বব্যাপক ও মর্মস্পর্শী আন্দোলন টিমে তালে হলেও ক্রমে তা স্পষ্টতর হচ্ছে। সবার উপরে মানুষ সত্য এই মানবিক দৃষ্টি ই প্রধান। যতদিন না সমস্ত শোষিত, বঞ্চিত জনতা মানবিক মর্যাদা ও সন্মান না পাচ্ছে ততদিন এই মানবাধিকার প্রতিষ্ঠার আন্দোলন চলতে থাকবে। অতএব মানবাধিকারকে প্রতিষ্ঠিত করতে হলে একটি অস্তিত্ববাদী ও প্রগতি সম্পন্ন আন্দোলন নির্মাণ প্রয়োজন আর সৃষ্টি করতে হবে মানবকে নতুন চোখে দেখার স্বতন্ত্র ঝোঁক বা প্রবনতা নিয়ে আসতে হবে। পৃথিবীর গভীর থেকে গভীরতর অসুখ এখন সেখান থেকে মানবপ্রগতিকে উজ্জ্বল উদ্ধার করতে হবে।


সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই- এই যে মানুষকে মানুষের মনুষ্যত্ব, বিবেক, মূল্যবোধ ও আর্দশ অধিকার মূলক মানসত্তাকে বৃহত্তর ও মহত্তর জায়গায় প্রতিষ্ঠা করাই হল মানবাধিকার। দুর্গাদাস বসুর বক্তব্য হল মানব অধিকার হল সেই সমস্ত নূনতম অধিকার যে গুলি মনুষ্যত্ব পরিবারের সদস্য হিসাবে দেশ কাল জাতি নির্বিশেষে প্রতিটি ব্যক্তি রাষ্ট্র বা অন্য কর্তৃপক্ষের বিরুদ্ধে ভোগ করে।



*Compiled and circulated by*

**Dr. Bhakti Pada Jana**  
**SACT (Grade II), Department of History, Narajole Raj College**

জাতিসংঘের ভাষা অনুসারে মানবাধিকার বলতে সেই অধিকার বোঝায় যা নিয়ে মানুষ জন্মায় এবং যা তাকে মানুষ হিসাবে সার্বভৌমিকতা দান করে।



*Source- Google.com*

সমাজ চিন্তক মোস্তাফা মতে, মানবাধিকার বর্তমান বিশ্বের সবচেয়ে আলোচিত গুরুত্বপূর্ণ এবং ব্যাপকভাবে লক্ষিত এক প্রত্যয়। বর্তমান বিশ্বে মানুষ বেশী করে চিন্তায় মগ্ন তা হল মানবাধিকার। বলা হয়েছে যে, আম জনগণ যখন মানুষের প্রকৃত তাবৎ জীবনমুখী ও সংজ্ঞায়িত অধিকার প্রতিষ্ঠার ও বিকশিত করার জন্য জাগ্রত, সুচেতনাপ্রাপ্ত ও প্রগতি সম্পন্ন হয় তখন তাকেই বলা হয় মানবাধিকার।

ডেভিড রবার্টসন তাঁর ডিকশনারি অফ পলিটিকস এর এক জায়গায় বলেছেন মানব অধিকার বা নাগরিক অধিকার স্বাভাবিক অধিকার গুলির মত এক গুচ্ছ কারণবাহী ও প্রত্যয় বদ্ধ বাস্তবতা। এটি হল মানবিক সত্তাকে এম্বা করার জন্য এক আইনী ব্যবস্থা। ব্রিটানিকাতে বলা হয়েছে - প্রাকৃতিক আইনের আওতায় মানবীয় সৃষ্টিতা হিসাবে প্রাপ্য মানুষের স্বতন্ত্র অধিকার হল মানবাধিকার।



*Compiled and circulated by*

**Dr. Bhakti Pada Jana**  
**SACT (Grade II), Department of History, Narajole Raj College**

আর. জে. ভিনরেষ্ট মতে, মানবাধিকার বলতে যে সব অধিকারকে নির্দেশ করা হয় যেগুলো ক্ষুদ্র মানুষ হিসেবে প্রত্যেকের সামাজিকতা রয়েছে। মানবিক প্রকৃতির জন্য মানুষ ও সকল অধিকার প্রত্যাশা করতে পারে। বলা যায় মানব পরিবারের সদস্য হিসাবে স্বাধীনতা, সুবিচার ও বিশ্বশান্তিতে স্বতন্ত্রভাবে সকল মানুষের সমাজগত অধিকার ও মর্যাদার স্বীকৃতি প্রদান জরুরী। বলা যায় যে, মানবাধিকার হল বর্ণ - লিঙ্গ- ভাষা বা ধর্ম নির্বিশেষে সকল মানুষের সামাজিক প্রত্যাশা পূরণ হলে ব্যক্তির সামাজিক বিকাশ সম্ভবপর। তাই রাষ্ট্রস্বের প্রাক্তন মহাসচিব কফি আন্নান বলেন, মানবাধিকার হচ্ছে মানব অস্তিত্ব ও পারস্পরিক সহাবস্থানের ভিত্তি, অর্থাৎ মানব অধিকার হল সর্বজনীন, অবিভাজ্য, শান্তি ও উন্নতির জন্য রাষ্ট্রস্বের যে আকাঙ্ক্ষা ছিল তার মূল দিশারী।

সুতরাং মানবাধিকার হল

“It is Common observation that human beings everywhere demand the realization of diverse value to ensure their individual and collective well-beings, deeply rooted in this observation is the beginnings of what today we called Human Rights.”